

তারিখ: ০৬/০৫/২০২৪ খ্রি.

## স্নাতক (পাস) পর্যায়ে শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস) পর্যায়ে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা (উপবৃত্তি, টিউশন ফি ও অন্যান্য সুবিধাদি) প্রদান করা হবে। এ লক্ষ্যে রাঙ্গামাটি সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ১ম বর্ষে অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের <https://estipend.pmeat.gov.bd> লিংকে প্রবেশ করে চাহিত তথ্যাদি এন্ট্রি দিয়ে প্রিন্টকপি নিতে হবে। তারপর আত্রহী শিক্ষার্থীকে ই-স্টইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নিশ্চয়ন করার জন্য নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক অনলাইনে পূরণকৃত আবেদনের মূলকপি কলেজে জমা দিতে হবে। এছাড়া প্রিন্টকপি নিজের কাছে সংরক্ষণ দিতে হবে।

### ১। উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলী:


- (ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ১ম বর্ষের নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
- (খ) শ্রেণিকক্ষে কমপক্ষে ৭০% উপস্থিতি থাকতে হবে;
- (গ) পূর্বের পরীক্ষায় জিপিএ ৩.৭৫ অথবা সিজিপিএ ৩.০০ প্রাপ্ত হতে হবে;
- (ঘ) পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম হতে হবে;
- (ঙ) পিতা/মাতা/অভিভাবকের মোট জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় ০.০৫ শতাংশ এবং অন্যান্য এলাকায় ০.৭৫ শতাংশের কম।
- (চ) বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, দুস্থ পরিবারের সন্তান অগ্রাধিকার পাবে।

২। অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের আবেদন এন্ট্রির সময়সীমা: ০৮/০৫/২০২৪ হতে ২৩/০৫/২০২৪ খ্রি.

৩। আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদানের সময়সীমা: ২০/০৫/২০২৪ হতে ২৩/০৫/২০২৪ খ্রি.


৪। ফরমের সাথে নিম্নোক্ত কাগজপত্র কলেজে জমা দিতে হবে:

- (ক) শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র (নির্ধারিত ফরম পূরণ করতে হবে);
- (খ) পিতা/মাতা/অভিভাবক সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে অফিস প্রধানের প্রত্যয়নপত্র (নির্ধারিত ফরম পূরণ করতে হবে);
- (গ) শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১কপি;
- (ঘ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদপত্র (১৭ ডিজিট বিশিষ্ট);
- (ঙ) শিক্ষার্থীর সকল প্রকার পরীক্ষার নম্বরপত্র, প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি;
- (চ) পিতা ও মাতা অথবা অভিভাবকের (পিতা ও মাতার অবর্তমানে) NID কার্ড এর ফটোকপি;
- (ছ) শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখার নাম ( রাউটিং নম্বর উল্লেখ করতে হবে)।

  
০৬/০৫/২০২৪  
(প্রফেসর তুষার কান্তি বড়ুয়া)  
অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

### বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।

  
০৬/০৫/২৪